বাংলাদেশ সুবর্ণজয়ন্তী Bangladesh
মুজিব শতবর্ষ MUJIB 100
ISO 9001 : 2015
বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)
(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়)
স্থাপিত-১৯৮৪

# জরুরি ভিত্তিতে বোয়েসেল-এর মাধ্যমে কুয়েতে নার্স নিয়োগ

৪৯.০২.০০০০.০০৪.৪৯.০০১.২১/১০০৭ তারিখ: ১৬.১০.২০২২ খ্রি.

বোয়েসেল-এর মাধ্যমে কুয়েতের বিভিন্ন সরকারি হাসপাতালে **Advanced Technology Comnapy, Kuwait** - এর ব্যবস্থাপনায় নিম্নবর্ণিত পদে পুরুষ/মহিলা নার্স নিয়োগ করা হবে:

| ক্র.নং | পদের নাম | পদের সংখ্যা | | অভিজ্ঞতা | বেতন ও অন্যান্য সুবিধাদি | | ওভারটাইম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | বিএসসি নার্স | পুরুষ | ৫ জন | কমপক্ষে ২ বছর ৬ মাস | ৯০,০০০/- | বাৎসরিক ইনক্রিমেন্ট ১০ কুয়েতি দিনার। | কুয়েতের শ্রম আইন অনুযায়ী | চাকুরির চুক্তি ০৩ (তিন) বৎসর নবায়নযোগ্য |
| | ডিপ্লোমা নার্স | মহিলা | ১৪৫ জন | | ৮০,০০০/- | | | |

**চাকুরির শর্তাবলি:**

(১) প্রার্থীকে অবশ্যই সরকার স্বীকৃত কোনো নার্সিং ইনিস্টিটিউট হতে বিএসসি অথবা ডিপ্লোমা ডিগ্রীধারী হতে হবে।
(২) যেকোনো সরকারি, আধা-সরকারি বা বেসরকারি মেডিকেল কলেজ/হাসপাতাল/প্রতিষ্ঠানে নার্স হিসেবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
(৩) যাদের ডিপ্লোম/বিএসসি সনদের ইস্যু/পাবলিশের সাল ২০২১ তাদের আবেদন করার প্রয়োজন নাই।
(৪) বয়স সর্বোচ্চ ৩৯ (উনচল্লিশ) বছর হতে হবে।
(৫) অবশ্যই ২ বছর ৬ মাস মেয়াদসহ পাসপোর্ট থাকতে হবে।
(৬) চাকুরিতে যোগদানের পর শিক্ষানবিসকাল ০৩ (তিন) মাস।
(৭) দৈনিক ০৮ (আট) ঘন্টা হিসাবে সপ্তাহে ৬ (ছয়) দিন ডিউটি এবং বাৎসরিক ছুটি ৩০ (ত্রিশ) দিন।
(৮) নার্স হিসেবে সরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের স্ব স্ব প্রতিষ্ঠান হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
(৯) সরকারি নার্স হিসেবে কর্মরত প্রার্থীদের লিয়েন ছুটি প্রাপ্তির যোগ্যতা অর্জিত হলেই আবেদন করতে পারবেন এবং চূড়ান্ত নির্বাচনের পরে লিয়েন ছুটি প্রার্থীকে নিজেই ব্যবস্থা করতে হবে।
(১০) চুড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে ডাটা-চেক নিশ্চিত করতে হবে।
(১১) প্রয়োজনীয় আসবাবপত্রসহ থাকা, খাওয়া এবং কর্মস্থলে যাতায়াতের পরিবহনের ব্যবস্থা নিয়োগকারী কোম্পানি বহন করবে।
(১২) চাকুরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন (০৩) বছর সন্তোষজনক চাকুরি শেষে দেশে ফেরত আসার বিমান ভাড়া নিয়োগকারী কোম্পানি বহন করবে।
(১৩) কুয়েতের শ্রম আইন অনুযায়ী অন্যান্য শর্তাবলি প্রযোজ্য হবে।

**অন্যান্য তথ্যাবলী:**

নির্বাচিত প্রার্থীদের বোয়েসেলের নির্ধারিত সার্ভিস চার্জ এবং বিধি মোতাবেক অন্যান্য সরকারি ফি প্রদান করতে হবে। আগ্রহী প্রার্থীদের ইংরেজিতে এক (০১) কপি জীবন বৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ, মার্কশিট, ট্রান্সক্রিপ্ট এবং অন্যান্য তথ্যাদি পূরণপূর্বক বোয়েসেল হতে প্রদত্ত লিংকে আগামী ০৭.১১.২০২২ খ্রি. এর মধ্যে আবেদন করার জন্য অনুরোধ জানানো হচ্ছে। লিখিত ও মৌখিক পরীক্ষা প্রদানের সময় প্রার্থীদের কোনো প্রকার টিএ, ডিএ প্রদান করা হবে না।

**বি:দ্র:- ৩০ (ত্রিশ) নম্বরের ৪৫ (পয়তাল্লিশ) মিনিটের ইংরেজীতে নৈব্যক্তিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার সম্ভাব্য তারিখ আগামী ১৮ ও ১৯ নভেম্বর, ২০২২ খ্রি. এবং আবেদনকারী প্রার্থীদের পরীক্ষার পূর্বে বোয়েসেল কর্তৃক অনলাইন সভা (জুম মিটিং) হতে পারে। সভা আয়োজন করা হলে জুম মিটিং লিংক মোবাইলে ম্যাসেজের মাধ্যমে প্রেরণ করা হবে।**

লিংক:- https://forms.gle/Q5pKqYwCF6wjdqU97

কোম্পানি সচিব

**অফিস ঠিকানা :**
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২ ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

**যোগাযোগ নম্বর :**
ফোন : +৮৮-০২-৫৮৩১১৮৩৮, ৪৮৩১৯১২৫ ও ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭, +৮৮-০২-৯৩৩০৬৫২
ইমেইল : info@boesl.gov.bd, md@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd